

-: নবদ্বীপ পুরাতত্ত্ব পরিষদ চৈতন্যচর্চা বিভাগ :-

নবদ্বীপ শ্রীচৈতন্যদেবের জন্মস্থান। চৈতন্যদেব, গৌড়ীয় বৈষ্ণবধর্ম, বৈষ্ণব সাহিত্য প্রভৃতি বিষয়ে জানতে ও তথ্য সংগ্রহ করতে দেশের ও বিদেশের বহু মানুষ নবদ্বীপে আসেন। তাঁদের জ্ঞান-তৃষ্ণা নিবারনের জন্যে স্বতন্ত্রভাবে এই বিভাগ করা হয়েছে। চৈতন্যচরিত গ্রন্থগুলির বিভিন্নসংস্করণ, চৈতন্যদেব সম্পর্কে বিভিন্ন জনের লেখা গ্রন্থ, বিভিন্ন পত্র-পত্রিকায় চৈতন্যদেব চৈতন্য পরিকর, গৌড়ীয় বৈষ্ণব ধর্ম, বৈষ্ণব সাহিত্য প্রভৃতি সম্পর্কে প্রকাশিত প্রবন্ধ, পেপার কাটিং সংগ্রহ করা হচ্ছে। বিভিন্ন বৈষ্ণব মঠ-মন্দির-আখড়া-শ্রীপাটের সচিত্রতথ্য সংগ্রহ করা হচ্ছে। অ্যানিমেশানের সাহায্যে ইতিহাস ভিত্তিক শ্রীচৈতন্যদেবের জীবনী দেখানোর ব্যবস্থা করা হবে। চৈতন্যচর্চা বিভাগকে জাতীয় স্তরে উন্নতি করার চেষ্টা চলছে।